গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
লোক প্রশাসন কম্পিউটার কেন্দ্র(পিএসিসি)
www.mopa.gov.bd

নং ০৫.০০.০০০০.২১৭.১৪.০৪৭.১৬-

তারিখঃ ৩ ফাল্গুন,১৪২২ বঙ্গাব্দ
১৫/০২/২০১৬ খ্রিস্টাব্দ

বিষয়ঃ জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২০১৬ সালের ইনোভেশন কর্মপরিকল্পনা প্রেরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২০১৬ সালের ইনোভেশন কর্মপরিকল্পনা প্রস্তুতপূর্বক বাস্তবায়ন কাজ শুরু করা হয়েছে। উক্ত ইনোভেশন কর্মপরিকল্পনার অনুলিপি সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য এতদসংগে সংযুক্ত করে প্রেরণ করা হলো।

১৫.০২.১৬
(রমিছা জাহান)
সহকারী সচিব(পিএসিসি)
ফোনঃ৯৫৪০৮৯৪(অ)

প্রাপকঃ
ভারপ্রাপ্ত সচিব(সমন্বয় ও সংস্কার)
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

To
মো: শাহরীয়ার আলম ফোন- ৯৫৮৮৩২৫
সিনিয়র সহকারী সচিব
কক্ষ নং- ৮২৩
সংযোগী পরিদপ্তর ভুক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
কর্মপরিকল্পনা প্রণয়ন ছক
২০১৬ সালের উদ্ভাবনী উদ্যোগসমূহ

| ক্রমিক নং | প্রস্তাবিত বিষয় (গ্রহীতব্য কাজের নাম) | বাস্তবায়ন কাল (শুরু ও সমাপ্তির তারিখ) | জনপ্রশাসন মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | প্রত্যাশিত ফলাফল | পরিমাপ |
|---|---|---|---|---|---|
| ১ | সরকারী কর্মকর্তাদের জন্য অনলাইন প্রশিক্ষণ কোর্স প্রবর্তন। | জানুয়ারি-ডিসেম্বর ২০১৬ | উপ সচিব (সিপি) | এর ফলে প্রশিক্ষণ ব্যবস্থা কর্মকর্তাদের দোরগোড়ায় পৌঁছানো সম্ভব হবে যার মাধ্যমে নিজ কর্মস্থলে সরকারী দায়িত্ব পালন করে কর্মকর্তাগণ প্রশিক্ষণ গ্রহণ করে নিজেদের দক্ষতা উন্নয়ন করার সুযোগ পাবেন। এছাড়া এতে অর্থ ও সময়ের সাশ্রয় হবে। | ব্যবহারকারীর সংখ্যা দিয়ে। |
| ২ | বিভিন্ন সরকারী সেবা প্রাপ্তির আবেদনের পদ্ধতি ও আবেদনের সাথে প্রয়োজনীয় সংযোজনীর তালিকা ওয়েবসাইটে প্রকাশ। | জানুয়ারি-ডিসেম্বর ২০১৬ | সিনিয়র সহকারী সচিব(বিধি-১) | এতে সেবা প্রাপ্তির আবেদন/প্রস্তাব নির্ভুল ও সহজতর করা সম্ভব হবে। ফলে সেবা প্রদান প্রক্রিয়াও সহজ এবং স্বচ্ছ হবে। এছাড়া সেবা প্রদানে সময়ও অনেক কম লাগবে। | সেবা প্রদানে সময় গ্রহণের হিসাব দিয়ে। |
| ৩ | সামাজিক যোগাযোগ মাধ্যমে ফেইসবুকে "বাংলা ভাষা বাস্তবায়ন কোষ" নামে পাবলিক গ্রুপ/পেইজ খুলে সরকারি কাজে প্রমিত বাংলা বানান ব্যবহারের সহায়তা প্রদান। | জানুয়ারি-ডিসেম্বর ২০১৬ | সিনিয়র অনুবাদ অফিসার এবং অনুবাদ অফিসার (বাংলা ভাষা বাস্তবায়ন কোষ) | (ক) মন্ত্রিপরিষদ বিভাগ থেকে ৩১ অক্টোবর, ২০১২ তারিখে জারীকৃত 'সরকারি কাজে বাংলা একাডেমির প্রমিত বাংলা বানানরীতি অনুসরণ' সংক্রান্ত নির্দেশনা প্রতিপালিত হবে; এবং<br>(খ) সরকারি অফিসের কর্মচারী ও বিশেষত শিক্ষার্থীরা উপকৃত হবে। এতে তারা যে কোন বাংলা বানান সমস্যা, বাক্য গঠন সম্পর্কে সরাসরি পোস্ট করে সমাধান পেতে পারবে। | নিয়মিত পাবলিক গ্রুপে/পেইজে প্রাপ্ত পোস্ট এর সংখ্যা দিয়ে |
| ৪ | Statistics of Civil Officers and Staff পুস্তিকা প্রকাশের নিমিত্ত online এ তথ্য সংগ্রহ। | জানুয়ারি-ডিসেম্বর ২০১৬ | সহকারী সচিব, পরিসংখ্যান ও গবেষণা কোষ-৪ ও সহকারী প্রধান, পরিসংখ্যান ও গবেষণা কোষ-২ | (ক) মাঠ পর্যায় থেকে মন্ত্রণালয় পর্যন্ত সকল সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের তথ্য সরাসরি সংগ্রহ করে Computer-এ Entry দিতে পারলে পাণ্ডুলিপি প্রস্তুত করার কাজ সহজতর হবে। এতে সময়, শ্রম ও আর্থিক সাশ্রয় হবে; এবং<br>খ) মাঠ পর্যায় থেকে সকল দপ্তরের তথ্য সংগ্রহ করা, সংগৃহিত তথ্য Computer-এ Entryর উপযোগী করা এবং তা Computer-এ Entry দেয়ার পর চূড়ান্ত পাণ্ডুলিপি প্রস্তুত করার বর্তমান প্রক্রিয়াকে সহজতর করবে। ফলে সময়, শ্রম ও অর্থের সাশ্রয় হবে। | বেসামরিক জনবলের সঠিক সংখ্যা দ্রুততম সময়ের মধ্যে প্রকাশ |
| ৫ | পার্সোনাল ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম(পিএমআইএস) | জানুয়ারি-ডিসেম্বর ২০১৬ | জনাব জাকির আহমদ, সহকারী প্রোগ্রামার-১, পিএসিসি | বিভিন্ন জেলাতে কর্মরত বিসিএস প্রশাসন ক্যাডার কর্মকর্তাদের তালিকা, জেলা ভিত্তিক অথবা পদভিত্তিক কর্মকর্তাদের তালিকা ইত্যাদি সংক্রান্ত অটোমেটিক | ব্যবহারকারীর সংখ্যা। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | ডাটাবেইজ হতে কি ওয়ার্ড বেইজড রিপোর্টিং সিস্টেম উন্নয়ন। | | | প্রতিবেদন তৈরী সম্ভব হবে। | |
| ৬ | জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে স্মার্ট এন্ড একসেসেবল ইনফরমেশন ডেলিভারী সিস্টেম উন্নয়ন। | জানুয়ারি-ডিসেম্বর ২০১৬ | ফাহমিদা ইসলাম, সহকারী প্রোগ্রামার-২ ও মুহম্মদ হাফিজুর রহমান, সিস্টেম এনালিস্ট, পিএসিসি | জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে Searching Option দিয়ে দ্রুততম সময়ে তথ্য প্রাপ্তি ও প্রতিবেদন তৈরীতে সহায়ক হবে। | ব্যবহারকারীর সংখ্যা। |
| ৭ | জনপ্রশাসন মন্ত্রণালয়ের সার্ভারে অটোমেটিক বেকআপ সিস্টেম উন্নয়ন। | জানুয়ারি-ডিসেম্বর ২০১৬ | জনাব জাকির হোসেন, সহকারী প্রোগ্রামার-৩ ও মুহাম্মদ হাফিজুর রহমান, সিস্টেম এনালিস্ট, পিএসিসি | একটি সার্ভারের ডাটা ও কনটেন্টকে অন্য সার্ভার ও পরবর্তীতে সিডি-তে সংরক্ষণ করা হবে যাতে কোন দুর্যোগ ঘটলে এই বেকআপ দিয়ে পুনরায় সার্ভারকে সচল করা যায়। | প্রতিদিনের বেকআপ ফোল্ডার থেকে প্রাপ্ত তথ্য |
| ৮ | জনপ্রশাসন মন্ত্রণালয়ে নেটওয়ার্ক মনিটরিং সিস্টেম উন্নয়ন নিশ্চিতকরণ। | জানুয়ারি-ডিসেম্বর ২০১৬ | জনাব আব্দুল মতিন, সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার পিএসিসি | জনপ্রশাসন মন্ত্রণালয়ের নেটওয়ার্কভুক্ত ডিভাইজসমূহ সচল আছে কিনা তা দেখার জন্য ইতোপূর্বে প্রত্যেকটি ভবনে সরাসরি যেতে হতো। প্রস্তাবিত এই উদ্ভাবনী সিস্টেম এর মাধ্যমে নিজ দপ্তরের মনিটরে বসে নেটওয়ার্ক ডিভাইজসমূহের বর্তমান কার্যক্রম মনিটরিং করা যাবে। এতে করে সময়ের সাশ্রয়সহ দ্রুত নেটওয়ার্ক সমস্যা চিহ্নিত ও মেরামত করা সম্ভব। | সমস্যা চিহ্নিত ও সমাধানের সংখ্যা দিয়ে |
| ৯ | জনপ্রশাসন মন্ত্রণালয়ের কর্মকর্তাগণের ডিপিসিতে অংশগ্রহণকালে অনুসরণীয় বিষয় সম্পর্কে পুস্তিকা প্রণয়ন। | জানুয়ারি-ডিসেম্বর ২০১৬ | উপ সচিব (প্রশাসন-১) | ডিপিসিতে অংশগ্রহণকারী কর্মকর্তাগণ পুস্তিকাটি ডিপিসি সংক্রান্ত বিভিন্ন আইন/বিধির পাশাপাশি গাইডবুক হিসেবে অনুসরণ করবেন। এতে আইন/বিধির যথাযথ অনুসরণ ও প্রয়োগ নিশ্চিত হবে। | ব্যবহারকারীর সংখ্যা দিয়ে। |
| ১০ | কর্মরত সরকারি কর্মকর্তা/ কর্মচারীর চাকরিরত অবস্থায় মৃত্যুবরণজনিত এবং গুরুতর আহত হওয়ার কারণে তাদের পরিবারকে অনুদান প্রদান সহজীকরণের নিমিত্ত সফটওয়্যার তৈরী। | জানুয়ারি-ডিসেম্বর ২০১৬ | উপ সচিব (কল্যাণ) ও সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসিসি | কর্মরত সরকারি কর্মকর্তা/কর্মচারীর চাকরিরত অবস্থায় মৃত্যুবরণজনিত এবং গুরুতর আহত হওয়ার কারণে তাদের পরিবারকে প্রদত্ত অনুদান বিতরণ সহজ এবং দীর্ঘসূত্রিতার অবসান হবে। | সময় হ্রাসের হিসাব দিয়ে। |
| ১১ | প্রশিক্ষণ, ওয়ার্কশপ ও সুপারভিশন | জানুয়ারি-ডিসেম্বর ২০১৬ | উপ সচিব(সিপি) | জনপ্রশাসন মন্ত্রণালয়ে ও তদধীন দপ্তর সংস্থায় এবং মাঠ পর্যায়ে ১৫০০ কর্মকর্তাকে ইনোভেশন প্রশিক্ষণ দেয়া হবে। | প্রশিক্ষণার্থী/অংশগ্রহণকারীর সংখ্যা দিয়ে। |

উল্লেখ্য উপরের সকল বিষয়ের(অর্থাৎ মোট ১১ টি উদ্যোগ এর) তত্ত্বাবধায়কের দায়িত্ব পালন করবেন জনাব আবু সাঈদ চৌধুরী, যুগ্ম সচিব(পিএসিসি), জনপ্রশাসন মন্ত্রণালয়।

২৮.২.২০১৬

আবু সাঈদ চৌধুরী
যুগ্ম-সচিব (পিএসিসি)
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার